

## প্রেস রিলিজ

অদ্য ২৪.০৫.২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব আহমেদ এর সভাপতিত্বে “পবিত্র রমজান উপলক্ষ্যে নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ/মূল্য সহনীয় ও স্থিতিশীল রাখার বিষয়ে এক মতবিনিময় সভা” অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঢাকা মহানগরীর বিভিন্ন পাইকারী ও খুচরা বাজারের সভাপতি/সাধারণ সম্পাদক/ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দসহ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বাজার দর পর্যালোচনাসহ যৌক্তিক মূল্যের বাস্তবায়ন, গত বছর রমজান শুরুর পূর্বের বাজার দরের সাথে বর্তমান বছরের এ সময়ের বাজার দরের পর্যালোচনা, পণ্যের মূল্য/সরবরাহ স্থিতিশীল রাখা, মেট্রিক পদ্ধতির বাস্তবায়ন, বাজার মনিটরিং জোরদারকরণ, প্যাকেটজাত পণ্য বিপণন ব্যবস্থা চালুকরণ, ভেজাল/ক্যামিক্যাল যুক্ত পণ্য বিক্রি রোধ ও ঢাকা মহানগরীর বাজারসমূহের ব্যবসায়ী সমিতির সাথে কৃষি বিপণন অধিদপ্তরের সংযোগ বৃদ্ধি করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় নিত্যপ্রয়োজনীয় পণ্যের ২২.০৫.২০১৭ তারিখের বাজার দর, যৌক্তিক মূল্য এবং বিগত ২২.০৫.২০১৬ তারিখের বাজার দর উপস্থাপন করা হয়। বাজার দর পর্যালোচনা কালে দেখা যায় অধিকাংশ পণ্যই যৌক্তিক মূল্যের মধ্যে বিক্রি হচ্ছে। শুধুমাত্র গত বছরের চেয়ে চালের মূল্য বেশী পরিলক্ষিত হয়েছে। মহাপরিচালক, সভাকে অবহিত করেন যে, বর্তমানে দেশে চালের বাজারে কিছুটা অস্থিতিশীলতা বিরাজ করেছে। চালের বাজার সহনীয় পর্যায়ে রাখতে আমন্ত্রিত ব্যবসায়ীগণ পাইকারী পর্যায়ে চাল ব্যবসায়ী ও চাল মিল মালিকদের সাথে, সভা করার আহ্বান জানান। ব্যবসায়ী নেতৃবৃন্দ সভাকে অবহিত করলেন যে, পণ্যের সরবরাহ পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রয়েছে। তাই পবিত্র রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহে কোন প্রকার ঘাটতি হওয়ার আশংকা নেই। তিনি ভোক্তা সাধারণ যাতে অহেতুক বিচলিত না হয়ে প্রয়োজনের অতিরিক্ত পণ্য ক্রয় হতে বিরত থাকেন সে মর্মে প্রচারণা চালাতে সভায় আগত ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। তাছাড়া তিনি জনগনের দুর্ভোগের কথা বিবেচনা করে খাদ্য দ্রব্য ও কৃষিপণ্যের গুণগতমান বজায় রেখে যৌক্তিক ও সহনীয় মূল্যে বিক্রয় করার এবং অধিক মুনাফার পথ পরিহার ও খাদ্য দ্রব্যে ভেজাল মেশানো হতে ব্যবসায়ীগণ যাতে দুরে থাকে তার মনিটরিং করার জন্য ব্যবসায়ীনেতৃবৃন্দের প্রতি অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনা শেষে মহাপরিচালক কৃষক ও ভোক্তার স্বার্থ সংরক্ষণসহ আধুনিক বিপণন ব্যবস্থা প্রচলনের স্বার্থে ব্যবসায়ী প্রতিনিধিদেরকে প্রক্রিয়াজাত ও প্যাকেটজাত করে কৃষিপণ্য বিপণন, মেট্রিক পদ্ধতি বাস্তবায়নের পাশাপাশি ওজনে ইলিশ মাছ ও মুরগী বিক্রি এবং অধিদপ্তর কর্তৃক নির্ধারিত যৌক্তিক মূল্যে কৃষিপণ্য বিপণন ও সরবরাহ স্থিতিশীল রাখতে অনুরোধ জানালে ব্যবসায়ীগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে আশ্বাস প্রদান করেন।

স্বাক্ষরিত/-  
মহাপরিচালক  
২৪.০৫.২০১৭